গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৩
শের-ই- বাংলা নগর, ঢাকা
www.imed.gov.bd

নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শকের কার্যপরিধি (ToR):

১. প্রকল্পের বিবরণী:

১.১	প্রকল্পের নাম	:	Coastal Climate Resilient Infrasturctur (2nd Revised) Project.
১.২	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ।
১.৩	বাস্তবায়নকারী সংস্থা	:	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ।

২. প্রকল্প এলাকা:

বিভাগ (৩টি)	জেলা (১২টি)
বরিশাল	ঝালকাঠি, ভোলা, বরিশাল সদর, পিরোজপুর, পটুয়াখালী, বরগুনা।
খুলনা	বাগেরহাট, সাতক্ষীরা, খুলনা সদর।
ঢাকা	গোপালগঞ্জ, শরীয়তপুর, মাদারীপুর।

৩. প্রকল্পের ব্যয় ও বাস্তবায়নকাল: (লক্ষ টাকা)

ডিপিপি	অনুমোদিত প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)			বাস্তবায়নকাল
	মোট	জিওবি	প্রকল্প সাহায্য (ADB, IFAD, KFW)	
মূল	১,২৩,০০০.০০	২৫৫৮৪.০০	৯৭৪১৬.০০	জানুয়ারি ২০১৩ হতে ৩১ ডিসেম্বর ২০১৮
১ম সংশোধিত	১২৯৮৮৪.৭৩	৩৯,৫২৪.০৯	৯০৩৬০.৬৪	জানুয়ারি ২০১৩ হতে ৩০ ডিসেম্বর ২০১৯
প্রকৃত ব্যয়	১২৩৯৩২.৪২	৩৬,০৫৪.৬৯	৮৭৮৭৭.৭৩	জানুয়ারি ২০১৩ হতে ৩০ জুন ২০২০

৪. প্রকল্পের উদ্দেশ্য:

(ক) উপজেলা সড়ক , ইউনিয়ন সড়ক এবং গ্রামীণ সড়ক , নিষ্কাশন অবকাঠামো (ব্রিজ/কালভার্ট), গ্রোথ সেন্টার এবং গ্রামীণ হাট বাজার উন্নয়নের মাধ্যমে গ্রামীণ যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন এবং বাজার সুবিধা বৃদ্ধিকরণ, যাতে অবাধে প্রান্তিক উৎপাদনকারী এবং দরিদ্র জনগোষ্ঠি বাজার সুবিধা ব্যবহার করে তাদের আয় বৃদ্ধি করতে পারে;

(খ) বর্তমান এবং ভবিষ্যতের জলবায়ুর পরিবর্তন জনিত ক্ষতির প্রভাব বিবেচনায় নিয়ে জলবায়ু প্রভাব রোধক (Climate Resilient)মানে গ্রামীণ অবকাঠামো উন্নয়নের মাধ্যমে প্রাকৃতিক দূর্যোগকালে অবকঠামো সমূহের বর্ধিত নিরাপত্তা বিধান করা;

(গ) অবাধে যাতায়াতযোগ্য এবং পর্যাপ্ত সুবিধা সম্পন্ন বর্ধিত সংখ্যক আশ্রয়কেন্দ্র নির্মাণের মাধ্যমে দূর্যোগকালে জনসাধারণের নিরাপত্তা বিধান করে তাদের জলবায়ু প্রভাব মোকাবিলার সক্ষমতা বৃদ্ধি করা;

(ঘ) এলজিইডি, স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহ এবং প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য অংশীদারদের বিভিন্ন প্রশিক্ষণ বিশেষ করে জলবায়ু সহনীয় গ্রামীণ অবকাঠামোর ডিজাইন প্রণয়ন , বাস্তবায়ন এবং রক্ষণাবেক্ষণের উপর যথাযথ প্রশিক্ষণ প্রদানসহ লব্দ জ্ঞানভান্ডার ব্যবস্থাপনার মাধ্যমে ঐ সকল প্রতিষ্ঠানের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ;

(ঙ) প্রকল্পের বিভিন্ন অঙ্গের কর্মকান্ড বাস্তবায়নের মাধ্যমে স্থানীয় কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধিকরণ;

৫. মূল কার্যক্রম:

অংগের নাম	পরিমান
গ্রোথ সেন্টার উন্নয়ন (লার্জ)	১৮টি
গ্রোথ সেন্টার উন্নয়ন/বড় গ্রামীণ মার্কেট উন্নয়ন	৭৯টি
কমিউনিটি মার্কেট (স্পেশাল মার্কেট) উন্নয়ন।	৪টি
কমিউনিটি মার্কেট (বড় প্যাকেজ) উন্নয়ন।	৩৩টি
কমিউনিটি মার্কেট (ছোট প্যাকেজ) উন্নয়ন।	১৪৭টি
মহিলা মার্কেট নির্মাণ।	১৪
ঘাট নির্মাণ	৩৭টি
মাল্টিপারপাস মার্কেট কাম-সাইক্লোন সেল্টার নির্মাণ।	১টি
নতুন সাইক্লোন সেল্টার নির্মাণ।	৭টি
বিদ্যমান সাইক্লোন সেল্টার উন্নয়ন।	৪টি
বিদ্যমান সাইক্লোন সেল্টার বর্ধিত করণ এবং উন্নয়ন।	১০টি
সাইক্লোন সেল্টার সংযোগ সড়ক উন্নয়ন ।	২৫.৩৬ কিঃমিঃ
কেল্লা নির্মাণ।	১টি
হস্তচালিত ডিপ টিউবওয়েল স্থাপন করা ।	২৮টি
বাজারে নবায়নযোগ্য শক্তির প্যানেল নির্মাণ।	৩টি
সাইক্লোন সেল্টারে নবায়নযোগ্য শক্তির প্যানেল নির্মাণ।	১৮টি
উপজেলা সড়ক উন্নয়ন ।	১৫৯.১৭ কিঃমিঃ
উপজেলা সড়কে সেতু / কালভার্ট নির্মাণ।	১,৩৫১.২০ মিটার
ইউনিয়ন সড়ক উন্নয়ন (ক্লাইমেট Scenerio-বি)।	১৪৫.৩৯ কিঃমিঃ
ইউনিয়ন সড়ক উন্নয়ন (ক্লাইমেট Scenerio-সি)।	৩৩.২৯ কিঃমিঃ
গ্রামীণ সড়কের উন্নয়ন (কার্পেটিং দ্বারা)	৩২২.৩৯ কিঃমিঃ
গ্রামীণ সড়কের উন্নয়ন (আরসিসি দ্বারা)	৫১.১৫ কিঃমিঃ
ইউনিয়ন ও গ্রামের সড়কে বড় সেতু নির্মাণ।	১৩৫ মিটার
ইউনিয়ন ও গ্রামের সড়কে সেতু/কালভার্ট নির্মাণ ।	৩,৯৩৭.৯২ মিটার
পানি নিস্কাশন কাঠামো।	২৩.৭৩ কিঃমিঃ

৬. পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

৬.১ প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৬.২ প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় ও বিস্তারিত অঙ্গিভত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

৬.৩ প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে output পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৬.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) এবং প্রকল্প দলিল উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৬.৫ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পনা) আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৬.৬ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৬.৭ প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৬.৮ প্রকল্প অনুমোদন সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথা-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৬.৯ উন্নয়ন সহযোগী সংস্থা (যদি থাকে) কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড়, বিল পরিশোধে সম্মতি ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্তভিত্তিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৬.১০ প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (sustainable) করার লক্ষ্যে মতামত প্রদান;

৬.১১ প্রকল্পের উদ্দেশ্য লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয় অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT ANALYSIS;

৬.১২ প্রকল্পের ঘোষিত লক্ষ্য, উদ্দেশ্য অর্জনের ক্ষেত্রে কতটা কাঙ্খিত অগ্রগতি হয়েছে, প্রকল্পের IRR, NPV ইত্যাদি অর্জনের ক্ষেত্রে কতটা অগ্রগতি হয়েছে সে সম্পর্কে পর্যালোচনা ও পর্যবেক্ষণ।

৬.১৩ প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ, ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে চুড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে;

৬.১৪ প্রকল্প ব্যবস্থাপনাঃ প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা আয়োজন কর্মপরিকল্পা প্রণয়ন ও বাস্তবায়ন সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৬.১৫ স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য (প্রশিক্ষণার্থীর সংখ্যা নির্ধারণ, প্রশিক্ষণার্থী নির্বাচন প্রক্রিয়া, কোর্স কারিকুলাম নির্বাচন এবং ব্যয়ের মোট পরিমাণ), প্রকল্পের নিয়োগকৃত পরামর্শকগণ ডিপিপিতে উল্লেখিত TOR অনুযায়ী তাদের কার্যক্রম করেছে কিনা ইত্যাদি বিষয়ে বিশ্লেষণ ও পর্যবেক্ষণ প্রতিবেদনে অন্তর্ভুক্ত করতে হবে;

৬.১৬ আলোচ্য প্রকল্পের আওতায় ০৩ টি বাজার ও একটি লঞ্চ ঘাট নির্মাণ করা হয় নি। এ সকল কাজের বিষয়ে চুক্তি সম্পাদিত হয়েছিল কিনা? হয়ে থাকলে চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্য সরবরাহ, উপজেলা ও ইউনিয়ন রোডে নির্মিত ব্রিজ/কালভার্ট ডিপিপি'র লক্ষমাত্রার তুলনায় কম পরিমাণে (মিটার) নির্মাণ করা হলেও ব্যয় পুরোপুরি নির্বাহ করা হয়েছে। ডিপিপি'র আলোকে এর পর্যালোচনা করতে হবে;

৬.১৭ প্রকল্পের আওতায় সংগৃহিত ১৬টি গাড়ী নিয়মানুযায়ী সরকারি পরিবহন পুলে জমাদেওয়া হয়েছে কিনা, না হলে এর কারণ কী? এবং প্রকল্পের আওতাভুক্ত ১০০ কোটি টাকার বেশী মূল্যের ১৫৩টি প্যাকেজের দরপত্র আহবান করা হয়েছে যার মধ্যে ৯৩টি প্যাকেজের চুক্তিমূল্য ডিপিপি'র প্রাক্কলিত মূল্যের তুলনায় বেশী। প্যাকেজের সংখ্যা ও ক্রয় চুক্তি সংক্রান্ত সমূদয় তথ্য সংগ্রহ এবং পর্যালোচনা করতে হবে;

৬.১৮ প্রকল্পের এক্সটর্নাল অডিট, অডিট আপত্তির বিবরণ, জড়িত অর্থের পরিমাণ, গৃহিত ব্যবস্থা ইত্যাদি বিষয়ের বিস্তারিত তথ্য প্রতিবেদনে অন্তর্ভুক্ত করতে হবে;

৬.১৯ প্রকল্পের আওতায় নির্মিত গ্রোথ সেন্টার, কমিউনিটি মার্কেট, মহিলা মার্কেট, মাল্টিপারপাস মার্কেট কাম-সাইক্লোন সেল্টার, নতুন সাইক্লোন সেল্টার, ঘাট নির্মাণ, সাইক্লোন সেল্টারে নবায়নযোগ্য শক্তির প্যানেল নির্মাণ, বাজারে নবায়নযোগ্য শক্তির প্যানেল নির্মাণ, কেল্লা নির্মাণ ইত্যাদি অঙ্গসমূহের বর্তমান অবস্থা কি এবং এ অঙ্গসমূহ বাস্তবায়নের ফলে প্রকল্পের উদ্দেশ্য কতটুকু অর্জিত হয়েছে অর্থাৎ এর প্রভাব যথাযথভাবে নিরুপণ করতে হবে;

৬.২০ প্রকল্পের আওতায় নিয়োগকৃত এলসিএস মহিলাদের বর্তমান অবস্থা কি তা পর্যালোচনা পূর্বক প্রতিবেদনে অন্তর্ভূক্ত করতে হবে।

৬.২১ পরামর্শক প্রতিষ্ঠান মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহকালে তথ্যদাতাদের মোবাইল নাম্বার, জাতীয় পরিচয়পত্র (যদি সম্ভব হয়) সংগ্রহের পাশাপাশি FGD ও KII করার ভিডিও তৈরি করে অত্র বিভাগে জমা দিতে হবে, যা প্রমাণক হিসেবে গণ্যকরা হবে।

৬.২২ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলি।

৭. ফার্ম ও ফার্মের পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতা:

ক্র.	ফার্ম ও ফার্মের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১)	পরামর্শক প্রতিষ্ঠান	-	• গবেষণা/ প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্টাডি পরিচালনায় ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা;

২)	ক) টিম লিডার-	সিভিল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক; উচ্চতর ডিগ্রি থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে	● গবেষণা/স্টাডি পরিচালনায় কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা; ● সংশ্লিষ্ট কাজে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা এবং টিমলিডার হিসেবে কমপক্ষে ২ (দুই)টি পরিবীক্ষণ ও মূল্যায়ন সমীক্ষা পরিচালনা করার অভিজ্ঞতা; ● ব্রিজ/ কালভার্ট, সড়ক ও গ্রোথ শেল্টার নির্মাণ বিষয়ে অভিজ্ঞতা থাকতে হবে; ● উপকূলীয় এলাকায় জলবায়ু অভিযোজন বিষয়ে কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে; ● পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর), e-GP এবং উন্নয়ন সহযোগীর গাইড লাইন অনুযায়ী কাজ করার অভিজ্ঞতা; ● প্রতিবেদন প্রণয়নে বিশেষ দক্ষতা; উপস্থাপনা দক্ষতা (Presentation
	খ) মিড লেভেল ইন্জিনিয়ার	ন্যূনতম সিভিল ইঞ্জিনিয়ারিং -এ স্নাতক ডিগ্রি (স্ট্রাকচারাল বিষয়ে ডিগ্রি থাকলে অগ্রাধিকার)	● সড়ক ও অবকাঠামো নির্মাণ কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা এবং সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; ● পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে অভিজ্ঞতা অগ্রাধিকারপ্রাপ্ত; ● জলবায়ু পরিবর্তন ও বায়ো ডাইভারসিটি এবং পরিবেশের প্রভাব নির্ণায়ক কাজে অভিজ্ঞতা থাকতে হবে। ● পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর) -এর বিষয়ে কাজ করার অভিজ্ঞতা। এছাড়া e-GP এবং উন্নয়ন সহযোগীর গাইড লাইন অনুযায়ী কাজ করার অভিজ্ঞতা; ● কম্পিউটারে বিশেষ দক্ষতা, প্রতিবেদন প্রণয়নে দক্ষতা;
	গ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ	ডেভেলপমেন্ট স্ট্যাডিজ/ অর্থনীতি/সমাজবিজ্ঞান/ সমাজ কল্যাণ এবং অনুরুপ সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি	● গবেষণা/স্টাডি পরিচালনায় কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা; ● আর্থ-সামাজিক বা সমজাতীয় ২টি সমীক্ষা কাজের অভিজ্ঞতা;
	ঘ) ডাটা ম্যানেজমেন্ট বিশেষজ্ঞ	পরিসংখ্যান বিষয়ে নুন্যতম স্নাতকোত্তর ডিগ্রি	● ডাটা ম্যানেজমেন্ট সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা; ● বিভিন্ন Statistical Software পরিচালনায় দক্ষতা;

৭. নিম্নলিখিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে:

ক্র নং	প্রতিবেদনের নাম	দাখিলের সময়
১)	ইনসেপশন রিপোর্ট	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে
২)	১ম খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৬০ দিনের মধ্যে
৩)	২য় খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৭৮ দিনের মধ্যে
৪)	ওয়ার্কশপের সুপারিশের আলোকে Draft Final Report	চুক্তি সম্পাদনের ৮০ দিনের মধ্যে
৪)	চূড়ান্ত প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে

৮. **ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:**

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: ডিপিপি)।